০১। উপজেলা পরিষদের দিগন্ত আবাসিক ভবন মেরামত বাবদ প্রাক্কলিত ব্যয় ঃ ৬,১৪,৬৫০.০০ (ছয় লক্ষ চৌদ্দ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।

০২। উপজেলা পরিষদের মেইন ফটক নির্মাণ বাবদ প্রাক্কলিত ব্যয় ঃ ১২,১৪,০০০.০০ (বার লক্ষ চৌদ্দ হাজার) টাকা।

০৩। উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন প্রাক্কলিত ব্যয়ঃ ২১,৫৮,০০০.০০ (একুশ লক্ষ আটান্ন হাজার) টাকা।

০৪। উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন হতে আনসার ব্যারাক পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন ১,৯০,০০০.০০ (এক লক্ষ নব্বই হাজার) টাকা।

খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলার বিভিন্ন এলাকায় নতুন সেচের ছাড়পত্র পাওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদের মাধ্যমে ৩৯টি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনের বিষয়ে বিএডিসির প্রকৌশলীর মাধ্যমে সরেজমিনে তদন্ত পূর্বক উপজেলা সেচ কমিটির সভায় ৩১টি আবেদন মঞ্জুর হয়। মঞ্জুরকৃত তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ সেচের নতুন ছাড়পত্র/নবায়নের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে সেচ কমিটির সভায় মঞ্জুরকৃত নিম্নোক্ত ৩১(একত্রিশ) জনের তালিকা সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।

গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্য গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

ঘ) সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস, গেজেটেড আবাসিক ভবন, উপজেলা কৃষি অফিস ও উপজেলা নির্বাহী অফিসের টয়লেট মেরামত ও পানির ট্যাংকি স্থাপন বাবদ প্রকল্প বাস্তবায়নের জন্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকায় নিম্নবর্ণিত প্রকল্পটি বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস, গেজেটেড আবাসিক ভবন, উপজেলা কৃষি অফিস ও উপজেলা নির্বাহী অফিসের টয়লেট মেরামত ও পানির ট্যাংকি স্থাপন বাবদ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকায় বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্প কমিটি গঠন করা হয়।

* জনাব মোঃ আব্দুল মান্নান, উপসহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশল অফিস, মোহনগঞ্জ, নেত্রকোনা — আহবায়ক
* জনাব আব্দুল্লাহ আল মুজাহিদ, সাঁট-মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা। — সদস্য
* জনাব মোঃ জহিরুল আলম, অফিস সহকারী, উপজেলা কৃষি অফিস, মোহনগঞ্জ, নেত্রকোণা। — সদস্য

ঙ) অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৪.১১.২০২১ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী, এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২১ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২১ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২১ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২১ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২১ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২১ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর অক্টোবর/২০২১ মাসের মজুরী প্রদান। | ১০০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের অক্টোবর/২০২১ মাসের সভার আপ্যায়ন ,আনুষঙ্গিক ব্যয় | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অক্টোবর-২০২১ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির অক্টোবর- ২০২১ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ। | ৮,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের অভ্যন্তরের বিভিন্ন অফিস, আবাসিক ভবন ও পুকুরের আগাছা, ড্রেন পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়। | ২৪,৬৫০/- |
| ১২ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ০১(এক)টি বসত ঘর নির্মাণ বাবদ ব্যয়। | ১৭১০০০/- |

